

২৭/২  
২০.২৫

২৫



ছাত্রকল্যাণ অধিদপ্তর  
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
চট্টগ্রাম - ৪৩৪৯

ফোন : ০৩১-২৫১৬৩০২, পিবিএক্স : ০৩১-৭১৪৯২০-২২এক্স (৮৫০০), Email: dsw@cuet.ac.bd


স্মারক নং- চুয়েট/ছাক/১০৬

তারিখঃ ২৬/০২/২০২৫ খ্রিঃ।

ঃ বিজ্ঞপ্তি :

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৭/০২/২০২৫খ্রিঃ তারিখ, রোজঃ বৃহস্পতিবার, কেন্দ্রীয় মাঠে, বাদ আসর, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়(চুয়েট) কর্তৃক “প্রকৌশল শিক্ষায় ঈমান, আমলের চর্চা এবং সং চরিত্র গঠন” শীর্ষক এক সেমিনারের আয়োজন করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় ধর্ম উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন প্রধান অতিথি ও প্রধান আলোচক হিসেবে সেমিনারে উপস্থিত থাকার জন্য সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। সেমিনারে গেস্ট অব অনার হিসেবে উপস্থিত থাকবেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মাহমুদ আব্দুল মতিন ভূইয়া এবং বিশেষ আলোচক হিসেবে উপস্থিত থাকবেন আব্দুল্লাহ বিন আব্দুর রাজ্জাক, ডাইরেক্টর, আদ-দাওয়াহ ইল্লাহিয়াহ। উক্ত সেমিনারে সকল শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষার্থীদের উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।


তারিখ ও বার	সময়	স্থান
২৭/০২/২০২৫খ্রিঃ, রোজঃ বৃহস্পতিবার	বাদ আসর	কেন্দ্রীয় খেলার মাঠ

  
২৬/০২/২৫  
(অধ্যাপক ড. মোঃ মাহবুবুল আলম)  
পরিচালক, ছাত্রকল্যাণ অধিদপ্তর  
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।  
তারিখঃ ২৬/০২/২০২৫খ্রিঃ।

স্মারক নং-চুয়েট/ছাক/১০৬(১০)

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। সকল ডীন/পরিচালক/বিভাগীয় প্রধান/সেন্টার চেয়ারম্যান/প্রভোস্ট/অফিস প্রধান/শাখা প্রধান, চুয়েট। ইহা তাঁর বিভাগ ও অফিসের সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধ সহকারে।
- ২। পরিচালক, আইআইসিটি, চুয়েট। (বিজ্ঞপ্তিটি চুয়েট ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ সহকারে)
- ৩। রেজিস্ট্রার, চুয়েট।
- ৪। প্রধান প্রকৌশলী, চুয়েট (উল্লেখিত সময়সূচি অনুযায়ী কেন্দ্রীয় মাঠে সাউন্ড সিস্টেম এবং বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৫। নিরাপত্তা উপদেষ্টা, চুয়েট (কেন্দ্রীয় মাঠ ও আশপাশের এলাকা পরিষ্কারকরণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৬। সিনিয়র পেশ ইমাম, চুয়েট (আলোচনা অনুষ্ঠানের শুরুতে কোরআন তেলাওয়াত ও দোয়া এবং মোনাজাত পরিচালনার নিমিত্তে উপস্থিত থাকার অনুরোধ সহকারে)।
- ৭। সকল উপ-পরিচালক ( ছাত্রকল্যাণ), চুয়েট।
- ৮। সহকারী রেজিস্ট্রার, সমন্বয়, চুয়েট। (ভিসি মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৯। সকল নোটিশ বোর্ড, চুয়েট।
- ১০। সংরক্ষণ নথি।

  
২৬/০২/২৫  
(মোঃ নুরুল আজিম)

সেকশন অফিসার, ছাত্রকল্যাণ অধিদপ্তর  
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।